দৈনিক বাংলা

তারিখ 13 FEB 1995
পৃষ্ঠা ১ কলাম ৬

267

# ভার্সিটি ছাত্রীদের দাবি বিবেচনায় কমিটি গঠন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক ছাত্রীদের দাবি-দাওয়া পর্যালোচনার জন্য কর্তৃপক্ষ একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠন করেছেন।

সম্প্রতি ছাত্রীরা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত প্রক্টোরিয়াল রুলস ও বিধি বিধান সংশোধনের যে দাবি জানিয়েছেন ভাইস চ্যান্সেলরের কাছে যে স্মারক লিপি দিয়েছেন তার প্রেক্ষিতে তাদের দাবি পর্যালোচনা করে সুপারিশ প্রণয়নের জন্য এই কমিটি গঠিত হয়।

জাতীয় প্রফেসর ডঃ সুফিয়া আহমেদকে চেয়ারপারসন করে গঠিত ১৫ সদস্যের এই কমিটির সদস্যরা হচ্ছেন— রোকেয়া হলের প্রভোস্ট ডঃ জিন্নাতুন নেসা, তাহমিদা, বেগম, শামসুন্নাহার

(৪-এর পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ভার্সিটি ছাত্রীদের

(প্রথম পৃষ্ঠার পর)

হলের প্রভোস্ট ডঃ মাহমুদা ইসলাম, বাংলাদেশ কুয়েত মৈত্রী হলের প্রভোস্ট ডঃ বেগম জাহান আরা, প্রফেসর আখতার ইমাম, ডঃ নীলিমা ইব্রাহিম, প্রফেসর হামিদা আকতার বেগম, প্রফেসর নাজমা চৌধুরী, প্রফেসর সুলতানা শফি, ইডেন বিশ্ববিদ্যালয় কলেজের প্রিন্সিপ্যাল, সিদ্ধেশ্বরী গার্লস কলেজের প্রিন্সিপ্যাল, প্রফেসর খালেদা সালাহউদ্দীন, বেগম জুবাইদা গুলশান আরা এবং প্রফেসর রাশিদা বেগম। কমিটির সদস্য সচিব হিসাবে কাজ করবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ অফিসার মোঃ নুরুল ইসলাম।

ছাত্রীদের দাবি-দাওয়ার যৌক্তিকতা পর্যালোচনা, সমাজের বিভিন্ন স্তরে এর সম্ভাব্য প্রতিক্রিয়া যাচাই, অভিভাবকদের সঙ্গে এ সম্পর্কে আলাপ-আলোচনা করা, এবং সকল বিষয় বিচার বিশ্লেষণ করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে অনতিবিলম্বে এই কমিটি প্রয়োজনীয় সুপারিশ পেশ করবে বলে জানানো হয়েছে।